

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১১৫.০৬.০১৫.২১-

তারিখ : _____ মাঘ ১৪২৯
জানুয়ারি ২০২৩

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার নিয়োক্ত বদ্ধ জলমহাল সমূহ নির্ধারিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলা ১৪৩০ হতে ১৪৩২ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। এজন্য ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১৩-১২-২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৪৭ নং প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ১৪২৯ বঙ্গাব্দের ০৬ মাঘ হতে ২৫ মাঘের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে প্রজ্ঞাপনের আলোকে বাংলা ১৪২৯ বঙ্গাব্দের মাঘ মাসের ২৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনের সকল প্রিন্টিং কপি সহ জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি ও আবেদন বাবদ জমাকৃত চালানের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন ২৬ মাঘ থেকে পরবর্তী ৩(তিন) কাযদিবসের মধ্যে এ কার্যালয়ে দাখিল করতে হবে এবং সকল কাগজের ০১(এক) সেট ছায়ালিপি সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি বরাবরে জমা দিতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইয়ান্তে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সভায় উপস্থাপন পূর্বক জলমহাল ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।


উপজেলা ভিত্তিক জলমহালের তালিকা

ক্র: নং	উপজেলার নাম	জলমহালের নাম	সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর ৫(৪)(খ) অনুচ্ছেদ অনুযায়ী কাঙ্ক্ষিত বার্ষিক ন্যূনতম ইজারা মূল্য
১	শিবচর	বিলপদ্মা "খ" বদ্ধ জলমহাল	৪,১৩,৭০০/-
২	শিবচর	কুতুবপুর কোল বদ্ধ জলমহাল	৯২৪০/-
৩	মাদারীপুর সদর	কুনিয়া খাল বদ্ধ জলমহাল	২৯,৯২৫/-

প্রয়োজনীয় শর্তাবলী :

- সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ত্রিভূমিক মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, সমিতি বা সমিতি সমূহ নির্দিষ্ট বা ত্রিভূমিক জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অ-নিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।
- আবেদন দাখিলের পূর্বে প্রস্তাবিত জলমহালের অবস্থান, পরিমাণ ইত্যাদি সরেজমিন দর্শন করে আবেদনপত্র দাখিল করতে হবে। জলমহাল ইজারা প্রদানের/গ্রহণের পরবর্তীতে এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে ইজারাদাতা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।
- আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন এবং বিগত ০৩ (তিন) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে করতে হবে।
- আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।
- আবেদনকারী মৎস্যজীবি সংগঠন সমিতিতে ০৩(তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। দাখিলকৃত কোন আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।
- সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত/উদ্ধৃত ইজারা মূল্যের উপর ২০% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, মাদারীপুর এর অনুকূলে ইস্যুকৃত পে অর্ডার/ ব্যাংক ড্রাফটের মূলকপি আবেদনের প্রিন্ট কপির সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। উল্লেখ্য, আবেদনের সাথে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর নির্দেশনার অতিরিক্ত কোন কাগজপত্র দাখিল/সংযুক্ত করা থেকে বিরত থাকতে হবে।
- জেলা পর্যায়ের জলমহাল আবেদন করার ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) নির্দিষ্ট "১-৪৬৩১-০০০০-১২৬১" নং কোডে জমা প্রদান করতে হবে। অনলাইনে আবেদনে উক্ত চালানের কপি সংযুক্তিসহ এ কার্যালয়ে দাখিলকৃত প্রিন্ট কপির সাথে মূল চালান কপি সংযুক্ত করতে হবে।
- আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নন তাহলে উক্ত সমিতি জলমহাল বদোবস্তের অযোগ্য বিবেচিত হবে। প্রকৃত মৎস্যজীবি নিরূপণের ক্ষেত্রে FID বিবেচনায় নেয়া হবে এবং কার্ভধারী মৎস্যজীবি সমিতি অগ্রাধিকার পাবে।
- আবেদিত জলমহালসমূহের মধ্যে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটিতে অনুমোদন পরবর্তী সংশ্লিষ্ট জলমহাল ইজারাদেশ প্রদানের ১৫ কার্যদিবসের মধ্যে ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা দিতে হবে। ইজারামূল্য জমা প্রদানের মূলকপি এবং অনুমোদিত ইজারা মূল্যের উপর ৫% আয়কর ও ১৫% ভ্যাট জমা দিতে হবে। রাজস্ব পরিশোধের ব্যর্থতায় ইজারাদেশ বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- অনুমোদিত জলমহালের ইজারা গ্রহীতার সাথে ২৫ বৈশাখের মধ্যে চুক্তিপত্র সম্পাদনের লক্ষ্যে আবেদনকারীকে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্প দাখিল করতে হবে। লীজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল গ্রহণ করা যাবে না। চুক্তিনামা স্বাক্ষরের পর জলমহালের দখলনামা প্রদান করা হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- অনুমোদিত ইজারাকৃত জলমহালে ধারাবাহিকতা দখল রক্ষার্থে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর বিধি মোতাবেক ইজারার ২য় ও ৩য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য, ভ্যাট ও আয়কর পূর্ববর্তী (১ম/২য়) বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের ইজারা পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিলসহ জামানত বাজেয়াপ্ত হবে।
- লীজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি কেউ তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল বলে গণ্য হবে এবং লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

- ১৩। জলমহাল ইজারার মেয়াদ ১ লা বৈশাখ হতে শুরু হবে এবং যে কোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ লা বৈশাখ হতে কার্যকর হবে এবং একই বছর ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি তা দাবি করতে পারবে না।
- ১৪। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহণ করতে পারবে না। এ সংক্রান্ত সঠিক তথ্য প্রদান করতে হবে।
- ১৫। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতির এর কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।
- ১৬। জলমহাল নিয়ে মামলা আছে কিন্তু আদালতের স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞা নেই এরূপ ক্ষেত্রে ইজারা প্রদান করা হবে। অ-ইজারাকৃত জলমহালে নীতি ও বাস্তবতা বিবেচনায় খাস আদায়ের ব্যবস্থা নেয়া হবে।
- ১৭। অনলাইনে আবেদনের প্রিন্ট কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মাদারীপুর বরাবর এ কার্যালয় দাখিল করতে হবে। এছাড়া, সীলগালাকৃত খামের উপর উপরিভাগে (জলমহালের নাম) জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।
- ১৮। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জানার প্রয়োজন হলে তা অফিস চলাকালীন রাজস্ব(এস,এ)শাখা(কেক্ষ নং-৩০৪) হতে জানা যাবে।
- ১৯। জলমহালের আয়তন কম/বেশী হতে পারে। সরেজমিন আয়তনের তারতম্যের বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ২০। অনলাইনে আপলোডকৃত যে কোন আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ২১। যে কোন বিষয়ে যে কোন সময় জটিলতা বা অস্পষ্টতার উদ্ভব হলে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(ড. রহিমা খাতুন)

জেলা প্রশাসক, মাদারীপুর

ও

সভাপতি

জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

ফোন : ০২৪৭৮৮১০৭৭৭


তারিখ : ০৬ মাঘ ১৪২৯
২৭ জানুয়ারি ২০২৩

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১১৫.০৬.০১৫.২১-

৪৯(২০)

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সারনি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ১২ তলা সরকারি অফিস ভবন (৮ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাদারীপুর।
- ৬। পুলিশ সুপার, মাদারীপুর।
- ৭। সিভিল সার্জন, মাদারীপুর।
- ৮। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
- ৯। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, মাদারীপুর।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর।
- ১১। জেলা তথ্য অফিসার, মাদারীপুর। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য)
- ১২। প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, মাদারীপুর (বিজ্ঞপ্তিটি অত্র জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১৩। সহকারী কমিশনার(ভূমি), মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর।
(বিজ্ঞপ্তিটি তার নিয়ন্ত্রণাধীন সকল ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ পূর্বক ব্যাপক প্রচারের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ১৪। সহকারী কমিশনার(গোপনীয়/আইসিটি), জেলা প্রশাসকের কা্যালয়, মাদারীপুর।
- ১৫। বিজ্ঞ জি,পি, মাদারীপুর।
- ১৬। উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা সমবায় অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর।
- ১৭। জনাব-----
- ১৮। অফিস কপি।



জেলা প্রশাসক

মাদারীপুর।